# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২০১

১০. স্বপ্ন অধ্যায় (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ ১৩. স্বপ্নে জামা, কূপ, দুধ, মধূ, ঘি, খেজুর ও অন্যান্য জিনিস দেখা

بَاب فِي الْقُمُصِ وَالْبِئْرِ وَاللَّبَنِ وَالْعَسَلِ وَالسَّمْنِ وَالتَّمْرِ وَغَيْرِ ذَلِكَ فِي النَّوْمِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا يَحْيَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ الْأَسْوَدِ عَنْ مُجَالِدٍ عَنْ عَامِرٍ عَنْ جَابِرٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ يَوْمًا مِنْ الْأَيَّامِ إِنِّي رَأَيْتُ فِي الْمَنَامِ أَنَّ رَجُلًا أَتَانِي بِكُتْلَةٍ مِنْ تَمْرٍ فَأَكَلْتُهَا فَوَجَدْتُ فِيهَا نَوَاةً فَآذَتْنِي حِينَ مَضَغْتُهَا ثُمَّ أَعْطَانِي كُتْلَةً أُخْرَى فَقُلْتُ إِنَّ الَّذِي أَعْطَيْتَنِي وَجَدْتُ فِيهَا نَوَاةً آذَتْنِي فَأَكَلْتُهَا فَقَالَ أَبُو بَكْرٍ نَامَتْ عَيْنُكَ يَا رَسُولَ اللَّهِ هَذِهِ السَّرِيَّةُ الَّتِي بَعَثْتَ بِهَا غَنِمُوا مَرَّتَيْنِ كِلْتَاهُمَا وَجَدُوا رَجُلًا يَنْشُدُ ذِمَّتَكَ فَقُلْتُ لِمُجَالِدٍ مَا يَنْشُدُ ذِمَّتَكَ قَالَ يَقُولُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ

বাংলা

২২০১. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি স্বপ্নে দেখলাম যে, এক ব্যক্তি আমার নিকট এক টুকরা খেজুর নিয়ে এলো এবং আমি তা খেতে লাগলাম। আর আমি তাতে একটি আঁটি পেলাম, যা আমাকে ব্যথা দিল। এরপর লোকটি আমাকে আরেকটি খেজুরের টুকরা দিল। তখন আমি তাকে বললাম, “তুমি যেটি আমাকে দিয়েছিলে, আমি তাতে একটি আঁটি পেয়েছিলাম যা আমাকে ব্যথা দিয়েছিল। এরপর আমি সেটি খেয়ে ফেললাম।”

তখন আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু বললেন: ইয়া রাসূলুল্লাহ! আপনারতো চোখ ঘুমিয়েছিল (আপনি স্বপ্নে দেখেছেন)। এ হলো সেই সেনাদল যা আপনি পাঠিয়েছিলেন। তারা দু’ দু’বার সাফল্য লাভ করেছে। এ দু’বারেই তারা এমন এক লোককে পেলো যে আপনার ’যিম্মা’ (আশ্রয়/নিরাপত্তা) তালাশ করছে।’তখন (বর্ণনাকারী) বলেন, আমি মুজালিদ (উর্ধ্বতন বর্ণনাকারী) কে বললাম, ’সে আপনার আশ্রয় তালাশ করছে’ –এর অর্থ কী? তিনি বলেন, সে বলছিল: ’লা ইলাহা ইল্লাল্লাহ।’[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, মুজালিদ ইবনু সাঈদের কারণে।

তাখরীজ: আহমাদ ৩/৩৯৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82484

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন